**সচিব**
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Secretary**
Finance Division
Ministry of Finance
Government of the People's Republic of Bangladesh

# অবতরণিকা

বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা অর্থ বিভাগ কর্তৃক প্রকাশিত একটি নিয়মিত বার্ষিক প্রকাশনা। এতে দেশের সামগ্রিক অর্থনৈতিক গতি-প্রকৃতি, সরকারের গৃহীত বিভিন্ন নীতি ও কৌশল এবং অর্থনীতির বিভিন্ন খাতের হালনাগাদ অগ্রগতির বিস্তারিত বিবরণ সন্নিবেশ করা হয়। এ সমীক্ষায় জুন ২০২৪ পর্যন্ত সময়ের তথ্যাবলি অন্তর্ভুক্ত করা হয়েছে।

২। সমীক্ষাটি তিনটি অংশে বিভক্ত, যেখানে মোট ১৫টি অধ্যায় এবং ৬২টি পারিসংখ্যানিক সংযোজনী অন্তর্ভুক্ত রয়েছে। প্রথম অংশে সামষ্টিক অর্থনৈতিক বিষয় নিয়ে ছয়টি অধ্যায় অন্তর্ভুক্ত রয়েছে। প্রথম অধ্যায়ে বৈশ্বিক ও বাংলাদেশের অর্থনীতির প্রেক্ষাপটে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির সারসংক্ষেপ তুলে ধরা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে জিডিপি, সঞ্চয় এবং বিনিয়োগ; তৃতীয় অধ্যায়ে মূল্য, মজুরি এবং কর্মসংস্থান; চতুর্থ অধ্যায়ে রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা; পঞ্চম অধ্যায়ে মুদ্রা ব্যবস্থাপনা ও আর্থিক বাজার উন্নয়ন; এবং ষষ্ঠ অধ্যায়ে বহিঃখাত সংক্রান্ত বিষয়াবলি বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। খাতভিত্তিক অংশে কৃষি, শিল্প, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান ও স্বায়ত্তশাসিত সংস্থা, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবহন ও যোগাযোগ খাত সংক্রান্ত মোট পাঁচটি অধ্যায় অন্তর্ভুক্ত রয়েছে। অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়ভিত্তিক অধ্যায়গুলোতে মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেসরকারি খাতের উন্নয়ন এবং পরিবেশ উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে।

৩। সমীক্ষাটি প্রণয়নে অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকলে সর্বোচ্চ নিষ্ঠা ও আন্তরিকতার সাথে তাদের দায়িত্ব পালন করেছেন। যথাসময়ে এ সমীক্ষা প্রকাশে তাদের এ প্রচেষ্টার জন্য আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। একইসাথে সমীক্ষাটি প্রণয়ন ও প্রকাশনার জন্য প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহ করে সহায়তার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ এবং সংস্থার প্রতিও আমি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

৪। নানাবিধ সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্যে প্রণীত সমীক্ষাটিতে কিছু ত্রুটিবিচ্যুতি বা অসামঞ্জস্যতা থাকতে পারে। তৎসত্ত্বেও আশা করা যায় যে, এটি অগণিত পাঠক, গবেষক, নীতিনির্ধারক ও শিক্ষার্থীসহ সকলের নিকট একটি গুরুত্বপূর্ণ ও তথ্যবহুল প্রকাশনা হিসেবে বিবেচিত হবে।

ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার